

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মুরাদনগর, কুমিল্লা
www.muradnagar.comilla.gov.bd

স্মারক নং-০৫.৪২.১৯৮১-০০০.০৬.০০৪.১৭-

০২৪০

তারিখঃ

০২ অগ্রহায়ণ ১৪২৪
১৬ নভেম্বর ২০১৭

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর “মেমোরি অব দ্য” ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার”-এ অন্তর্ভুক্তির মাধ্যমে “বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের” স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে সারাদেশে একইদিনে ‘আনন্দ শোভাযাত্রা’র মাধ্যমে উদযাপন সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন এর লক্ষ্যে প্রস্তুতিমূলক সভা

সূত্র : ০১। মন্ত্রিপরিষদ বিভাগ, জেলা ম্যাজিস্ট্রেটসি পরিবীক্ষণ শাখা, ঢাকা এর ১৩ নভেম্বর ২০১৭ তারিখের ৩৭৯ নং এবং

০২। জেলা প্রশাসক, কুমিল্লা মহোদয়ের কার্যালয়ের (সাধারণ শাখার) ১৫ নভেম্বর ২০১৭ তারিখের ১৩১৩(৪০) নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর “মেমোরি অব দ্য” ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার”-এ অন্তর্ভুক্তির মাধ্যমে “বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের” স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে সারাদেশে একইদিনে ‘আনন্দ শোভাযাত্রা’র মাধ্যমে উদযাপন সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত গত ১২ নভেম্বর ২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগের সভাপতিত্বে সভার কার্যবিবরণীর চিত্রপ্রতিলিপি এ সাথে প্রেরণ করা হলো। উল্লিখিত সভার কার্যবিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, গৃহীত সিদ্ধান্তসমূহের ১, ২, ১০ এবং ১১ নম্বর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের সঙ্গে মার্চ প্রশাসনের সম্পৃক্ততা রয়েছে।

মন্ত্রিপরিষদ সভার কার্যবিবরণী মোতাবেক মুরাদনগর উপজেলায় উপজেলা প্রশাসন, জনপ্রতিনিধি, বীর মুক্তিযোদ্ধা, সাংস্কৃতিক ও ক্রীড়া ব্যক্তিত্ব, গণ্যমান্য ব্যক্তিবর্গ, সর্বস্তরের জনগণ ও শিশু/কিশোরদের অংশগ্রহণে আগামী ২৫ নভেম্বর ২০১৭ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় সারাদেশের ন্যয় মুরাদনগর উপজেলায় ‘আনন্দ শোভাযাত্রা’র মাধ্যমে দিবসটি উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, দিবসটি যথাযোগ্য মর্যায় উদযাপনের লক্ষ্যে আগামী ২০ নভেম্বর ২০১৭ তারিখ বিকাল ০৩:০০ ঘটিকায় উপজেলার কবি নজরুল মিলনায়তনে এক প্রস্তুতিমূলক সভার আহবান করা হয়েছে। উক্ত প্রস্তুতিমূলক সভায় অংশগ্রহণসহ আগামী ২৫ নভেম্বর ২০১৭ তারিখে আয়োজিত “আনন্দ শোভাযাত্রায়” এ উপজেলার সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১২ নভেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ বিভাগের সভার কার্যবিবরণী

মোহাম্মদ রাসেলুল কাদের
উপজেলা নির্বাহী অফিসার
মুরাদনগর, কুমিল্লা
ফোন: ০৮০২৬-৫৬১২০

ই-মেইল: unomuradnagar1@gmail.com

বিতরণ:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুরাদনগর, কুমিল্লা
০২. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুরাদনগর, কুমিল্লা
০৩. সহকারী কমিশনার (ভূমি), মুরাদনগর, কুমিল্লা
০৪. অফিসার ইনচার্জ, মুরাদনগর/বাপরা বাজার থানা, কুমিল্লা
০৫. ডেপুটি জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, কোম্পানীগঞ্জ, মুরাদনগর, কুমিল্লা
০৬. উপজেলা ----- কর্মকর্তা, মুরাদনগর, কুমিল্লা
০৭. সভাপতি/সেক্রেটারি, উপজেলা শিল্পকলা একাডেমি/বাংলাদেশ স্কাউট/ উপজেলা ক্রীড়া সংস্থা, মুরাদনগর, কুমিল্লা
০৮. সাব-রেজিস্ট্রার, মুরাদনগর, কুমিল্লা
০৯. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ/ যুবলীগ/শেখহাসেনবকলীগ/কৃষকলীগ/ছাত্রলীগ/শ্রমিকলীগ/মৎস্যজীবী লীগ, মুরাদনগর, কুমিল্লা
১০. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার ----- কলেজ/উচ্চবিদ্যালয়/প্রাথমিক বিদ্যালয়/মাদ্রাসা
১১. কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল, মুরাদনগর, কুমিল্লা
১২. চেয়ারম্যান, ----- ইউপি, মুরাদনগর, কুমিল্লা
১৩. সভাপতি/সেক্রেটারি, মুরাদনগর উপজেলা প্রেস ক্লাব/মুরাদনগর প্রেস ক্লাব, মুরাদনগর, কুমিল্লা
১৪. পরিচালক, ক্যাবল নেটওয়ার্ক, মুরাদনগর, কুমিল্লা
১৫. জনাব -----

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুমিল্লা-৩ (মুরাদনগর)
০২. জেলা প্রশাসক, কুমিল্লা
০৩. উপজেলা শিক্ষা অফিসার, মুরাদনগর, কুমিল্লা [তাকে প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে পত্রজারি ও অংশগ্রহণ নিশ্চিতকরণের অনুরোধসহ]
০৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুরাদনগর, কুমিল্লা [তাকে প্রতিটি কলেজ/উচ্চবিদ্যালয়/মাদ্রাসায় পত্রজারি ও অংশগ্রহণ নিশ্চিতকরণের অনুরোধসহ]